গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
২৩২/ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা
www.bnfe.gov.bd

নং-৩৮.৩৯৯.০১১.০০.০০.০০১.২০১৪(অংশ-১)-৬৩৩

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৫ / ১০ সেপ্টেম্বর ২০১৮

বিষয়ঃ **মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর উপজেলা প্রোগ্রাম অফিসারের নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ।**

বিষয়োল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা অনুযায়ী ০৩ (তিন) পৃষ্ঠা বিজ্ঞাপন

(মোঃ আব্দুর রহমান)
প্রকল্প পরিচালক (অতিঃ দায়িত্ব)
ফোন: ৯৮৮৫৭৮০

কার্যার্থে:

১। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩। অফিস কপি (নথিতে সংরক্ষনের জন্য)।

D:\AD (Admin)\Upozilla Programme Officer\UPO niog for 43 Post\Newspaper Letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

নং-৩৮.৩৯৯.০১১.০০.০০.০০১.২০১৪(অংশ-১)-৬৩০

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৫ / ১০ সেপ্টেম্বর ২০১৮

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর নিম্নবর্ণিত শূণ্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্প মেয়াদের জন্য সরকারী বিধি মোতাবেক সাকুল্য বেতনে (Consolidated Pay) নিয়োগ প্রদানের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও সাকুল্য বেতন | যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ |
|---|---|---|---|
| উপজেলা প্রোগ্রাম অফিসার | ৪৩ (কম বেশি হতে পারে) | ১০ম গ্রেড, টাকা-২৪৭০০/- (২০১৫ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী) | • যে কোন বিষয়ে মাষ্টার ডিগ্রী। <br>• কম্পিউটারে দক্ষতাসম্পন্ন হতে হবে (MS Office & Internet Operations)। <br>• উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচিতে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |

শর্তাবলী:

১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক http://BLP.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২ সেপ্টেম্বর ২০১৮ সকাল ১০.০০মি.।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৭ সেপ্টেম্বর রাত ১২.০০মি.।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: BLP<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example: BLP ABCDEF**

Reply: **Applicant's Name, Tk-500 will be charged as application fee. Your PIN is 12345678.** To pay fee **Type BLP<Space>Yes<Space>PIN and send to 16222.**

দ্বিতীয় SMS: BLP<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example: BLP YES 12345678**

Reply: **Congratulations Applicant's Name, payment completed successfully for BLP Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).**

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://BLP.teletalk.com.bd অথবা, BNFE and MoPME Website: www.bnfe.gov.bd and www.mopme.gov.bd **এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম** (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BLP<space>Help<space>User<space>User ID & Send to 16222.
   Example: BLP HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: BLP<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
   Example: BLP HELP PIN 12345678

২। ৩১ আগস্ট ২০১৮ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৩। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য;

৪। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না;

৫। সমাপ্ত প্রকল্পের জনবল অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন কর্তৃক জারীকৃত ১৬.০৬.২০০৩ তারিখে সম/সওব্য/৩-১(২)-১১/২০০৩-৭২ সংখ্যক স্মারক মোতাবেক প্রবেশ পদে নিয়োগের বয়সসীমা শিথিলযোগ্য;

৬। ইনফেপ/উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক ইতোপূর্বে বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য এবং নিয়োগদানের ক্ষেত্রে তাদেরকে অগ্রাধিকার প্রদান করা হতে পারে;

৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে দাখিলকৃত Application Form সহ নিম্নোক্ত পত্রাদি দাখিল করতে হবে;

ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি;

খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;

গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ ও কম্পিউটারে দক্ষতার সনদের কপি;

ঘ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত;

ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও চারিত্রিক বৈশিষ্ট্যের সার্টিফিকেট;

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে;

৯। দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না;

১০। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১১। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১২। প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই করে কর্তৃপক্ষর বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত পরীক্ষার জন্য এসএমএস এর মাধ্যমে অবগত করা হবে। মৌখিক বা অন্যান্য পরীক্ষার জন্য পত্র প্রেরণ করা হবে না তবে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওয়েবসাইট www.bnfe.gov.bd/www.mopme.gov.bd- এ প্রকাশ করা হবে;

১৩। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্রের সংযোজনীতে নির্ধারিত সাকুল্য বেতন কাঠামোর বিধি বিধান প্রযোজ্য হবে;

১৪। নিয়োগ বিজ্ঞপ্তি জারীর পরেও উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষের জারীকৃত প্রাসঙ্গিক সকল আদেশ/পরিপত্র/ নীতিমালা প্রযোজ্য হবে;

১৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কর্তৃপক্ষের প্রয়োজনীয়তার নিরিখে হ্রাস/বৃদ্ধি হতে পারে;

১৬। যেকোন আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৭। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না;

১৮। নিয়োগ বিজ্ঞপ্তিটি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওয়েবসাইট www.bnfe.gov.bd/www.mopme.gov.bd- তে পাওয়া যাবে।

২৫/০৯/১৪

(মোঃ আব্দুর রহমান)
প্রকল্প পরিচালক (অতিঃ দায়িত্ব)